

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
লক্ষীছড়ি, খাগড়াছড়ি।

স্মারক নং- ১২৪০ (ক)

তারিখ : ২১/০৮/২০২২

বিষয় : উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভা।

সভার তারিখ : ২১/০৮/২০২২খ্রি. রবিবার, সময় : সকাল - ১০.০০ ঘটিকা।

সভার স্থান : উপজেলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়, লক্ষীছড়ি।

সভাপতি : রাজু চাকমা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লক্ষীছড়ি, খাগড়াছড়ি।

সভায় উপস্থিত সদস্যদের উপস্থিতির তালিকা পরিশিষ্ট “ক”তে দেখানো হল।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানান। তিনি উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। এরপর নিম্নোক্ত বিষয়াদির উপর আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

ক্রমং	বিভাগ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প সম্পর্কে আলোচনা।	সভায় উপজেলা ভাইস চেয়ারম্যান জানান এ উপজেলার দুর্গম এলাকার সরকারী কলেজ, সরকারী উচ্চ বিদ্যালয় ও বিভিন্ন মাধ্যমিক ও নিম্ন-মাধ্যমিক বিদ্যালয় গুলিতে প্রয়োজনীয় আসবাব পত্র সংকটের কারণে ছাত্র/ছাত্রীরা চরম কঠোর মধ্যে পড়া লেখা চালিয়ে যেতে হচ্ছে। মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান দুর্গম এলাকার কিছু বিদ্যালয়ে বিদ্যুৎ ব্যবস্থা না থাকায় অতীব গরমে ছাত্র/ছাত্রীদের পড়া লেখার বিঘ্ন সৃষ্টি হচ্ছে। এ প্রেক্ষিতে বিভিন্ন প্রতিষ্ঠান হতে আসবাব পত্র সরবরাহ ও সোলার প্যানেল সরবরাহের জন্য কিছু আবেদন পাওয়া গেছে। সে লক্ষ্যে জাইকার অর্থায়নে পরিচালিত “উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প” (৫ম পর্যায়) এর প্রাপ্ত বরাদ্দ হতে উক্ত বিদ্যালয় সমূহে আসবাব পত্র সরবরাহ এবং দুর্গম এলাকার ৫টি মাধ্যমিক ও নিম্ন-মাধ্যমিক বিদ্যালয়ে সোলার প্যানেল সরবরাহ প্রকল্প নেয়া যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং উপস্থিত সকলে একমত পোষণ করেন।	১। “উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প” (৫ম পর্যায়) এর প্রাপ্ত বরাদ্দ হতে লক্ষীছড়ি সরকারী কলেজ ও ৯টি মাধ্যমিক ও নিম্ন-মাধ্যমিক বিদ্যালয়ে হাই-লো বেঞ্চ সরবরাহ এবং ৫টি মাধ্যমিক ও নিম্ন-মাধ্যমিক বিদ্যালয়ে সোলার প্যানেল সরবরাহকরণ প্রকল্প গ্রহণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	সভাপতি উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা বিষয়ক স্থায়ী কমিটি।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।


(সুমনি চাকমা)

মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি


উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি
লক্ষীছড়ি, খাগড়াছড়ি।

স্মারক নং- ১২৪০(ক)

তারিখ ৪ ২১/০৮/২০২২খ্রি.।

অনুলিপি ৪ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-





- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লক্ষীছড়ি, খাগড়াছড়ি।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, লক্ষীছড়ি, খাগড়াছড়ি।
- ৩। অফিস নথি।



(প্রনব পোদ্দার)

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা(ভাঃ)
লক্ষীছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

পরিশিষ্ট "ক"

ক্রঃনং	নাম	পদবী	কমিটির পদবী	উপস্থিতির স্বাক্ষর
১.	সুমনা চাকমা	মহিলা ভাইস চেয়ারম্যান , উপজেলা পরিষদ লক্ষীছড়ি, খাগড়াছড়ি।	সভাপতি	
২.	সুভাষিষ বড়ুয়া	উপজেলা শিক্ষা কর্মকর্তা লক্ষীছড়ি, খাগড়াছড়ি।	সদস্য	
৩.	প্রবিল কুমার চাকমা	চেয়ারম্যান, ১নং লক্ষীছড়ি ইউপি	সদস্য	
৪.	ত্রিলন চাকমা	চেয়ারম্যান, ২নং দুলাতলী ইউপি	সদস্য	
৫.	প্রনব পোদ্দার	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লক্ষীছড়ি, খাগড়াছড়ি।	সদস্য সচিব	